# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 28 March, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি  বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) শাখা ছাত্রদল কর্মী ও ভবিষ্যত নেতৃত্বের প্রত্যাশী আলজকি হোসেনের এর উদ্যোগে ক্যাম্পাসে ক্ষুধার্ত ও অসহায় প্রাণীদের জন্য খাবার ও চিকিৎসার ব্যবস্থা করে মানবিকতার এক ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করেছে।শুক্রবার (২৮ মার্চ) রাতে ক্যাম্পাসের ক্ষুধার্ত ও অসহায় প্রাণীদের জন্য খাবার ও চিকিৎসার ব্যবস্থা করতে দেখা যায়।ক্যাম্পাস বন্ধ থাকাকালীন সময় এই উদ্যোগ চালু থাকবে বলে জানা যায়।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে থাকা কুকুর, বিড়ালসহ অন্যান্য প্রাণীগুলো সাধারণত শিক্ষার্থী ও কর্মচারীদের থেকে খাবার পায়।তবে দীর্ঘ ছুটির কারণে খাবারের অভাবে তারা দুর্ভোগে পড়ে।এই পরিস্থিতিতে প্রাণীদের খাদ্য সংকট মোকাবিলায় এগিয়ে এসেছে নোবিপ্রবি ছাত্রদল কর্মী আলজকি হোসেন।ছাত্রদল নেতার এমন উদ্যোগকে প্রশংসায় বাসাচ্ছে সাধারণ শিক্ষার্থীরা।শিক্ষা বিভাগের শিক্ষা শফিউল আলম হিমেল বলেন, "ক্যাম্পাসে অনেক প্রাণী অনাহারে কষ্ট পাচ্ছিল।আলজকি ভাইয়ের এই উদ্যোগ সত্যিই মানবিক এবং দৃষ্টান্তমূলক।আমরা আশা করি, এই উদ্যোগ অব্যাহত থাকবে এবং অন্যান্য শিক্ষার্থীরাও এ থেকে শিক্ষা নেবে।'

ছাত্রদল কর্মী আলজকি হোসেন  বলেন , "পশুপ্রেম আমাদের জীবনেরই অংশ।আমার বাসায় ২টা বিড়াল পুষেন আম্মু।আর এইদিকে ক্যাম্পাস বন্ধ হয়ে যাওয়ায় ক্যাম্পাসের কুকুর-বিড়ালগুলোর খাবারের সংকট দেখা দেয়।তাই চেষ্টা করছি বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল,নোবিপ্রবি শাখা এর পক্ষ থেকে ওদের জন্য খাবারের ব্যবস্থা করি।

আপাতত দিনে একবেলা করে খাবার এর ব্যবস্থা করতে সক্ষম হয়েছি।অন্তত খেয়ে বেঁচে থাকুক প্রানীগুলো।'

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাত্রদল চিকিৎসা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:22

URL: https://www.timestodaybd.com/campus/775807146